নতুনবাজার সড়কে অবরোধ, বিক্ষোভে উত্তাল ইউআইইউ শিক্ষার্থীরা



সংগৃহীত ছবি

রাজধানীর নতুনবাজারে সড়ক ব্লকেড করেছে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অন্যায়ভাবে কয়েকজন শিক্ষার্থীদের বহিষ্কার করার প্রতিবাদে এই ব্লকেড কর্মসূচি পালন করে। তারা সেখানে অবস্থান করে বিক্ষোভ করছেন ও নানা স্লোগান দিচ্ছেন। এ সময় এই বহিষ্কার অবিলম্বে প্রত্যাহারের দাবি জানান।

আজ শনিবার (২১ জুন) সকাল ১০টার সময় নতুন বাজার মোড়ে এই কর্মসূচি পালন করতে শুরু করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। শিক্ষার্থীরা প্রশাসনের বিরুদ্ধে স্বেচ্ছাচারিতার অভিযোগ করে এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

নতুন বাজারে শিক্ষার্থীরা সড়ক অবরোধ করলে পুলিশ তাদের সরে যাওয়ার অনুরোধ করার পরও তারা কর্মসূচি অব্যাহত রাখলে। জনদূর্ভোগ কমাতে এক পর্যায়ে পুলিশ তাদের ওপর লাঠিচার্জ করে রাস্তা থেকে সরিয়ে দেয়। এতে শিক্ষার্থীরা ক্ষিপ্ত হয়ে আবার কিছুক্ষণের মধ্যে আবারও শিক্ষার্থীরা ফিরে এসে রোড ব্লকেড করে বিক্ষোভ শুরু করে। এ সময় দেখা যায় বিমানবন্দরমুখী সড়কটিতে যানবাহন চলাচল বিঘ্নিত হয়ে জনদূর্ভোগ সৃষ্টি হয়েছে। শিক্ষার্থীরা জানিয়েছেন, দাবি না মানা পর্যন্ত কর্মসূচি চালিয়ে যাবেন তারা।

LENS ASIA